গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

# সূচিপত্র


| | |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| উপক্রমণিকা | ৪ |
| সেকশন ১: বিভাগীয় কমিশনারের কার্যালয় সিলেট এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১৭ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয় এবং পরিমাপ পদ্ধতি | ১৮ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা | ২১ |

## বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Divisional Commissioner's Office, Sylhet)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছরের) প্রধান অর্জনসমূহ:**

প্রাকৃতিক সৌন্দর্যমন্ডিত সিলেট বিভাগের পর্যটন শিল্পের বিকাশসহ সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে বিভাগীয় প্রশাসন গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। একইসাথে শিক্ষার হার বৃদ্ধিসহ ডিজিটাল বাংলাদেশ বির্নিমাণে ভূমিকা রাখছে। শিক্ষার সার্বিক মানোন্নয়নে ও শিক্ষার প্রসারে জেলা প্রশাসনের প্রত্যেক কর্মকর্তাকে একটি করে মাধ্যমিক বিদ্যালয়/মাদ্রাসা তত্ত্বাবধানের দায়িত্ব প্রদান করা হয়। নারী শিক্ষার প্রসার, মাতৃস্বাস্থ্যের উন্নয়ন ও নারীর ক্ষমতায়ন নিশ্চিতকল্পে সিলেট বিভাগকে বাল্য বিবাহ মুক্ত রাখার ঘোষণা করা হয়। চা বাগানে কর্মরত শ্রমিকদের জীবনমান উন্নয়নে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশনসহ অন্যান্য বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হয়। কর্মকর্তা/কর্মচারীদের উদ্ভাবনী, ই-নথি ব্যবস্থাপনা, সচিবালয় নির্দেশমালা ২০১৪, অফিস ব্যবস্থাপনা ও ন্যাশনাল পোর্টাল, ই-ফাইলিং রিফ্রেশার্স, ন্যাশনাল পোর্টাল, ভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। জনপ্রশাসনে উদ্ভাবন সংস্কৃতিকে উৎসাহ দেবার লক্ষ্যে ২০১৯ সালে বিভাগীয় পর্যায়ে ইনোভেশন শোকেসিং আয়োজন করা হয়। এতে ১৬টি উদ্ভাবনী প্রকল্পের মধ্যে সেরা ০৩টি উদ্যোগকে স্বীকৃতি প্রদান করা হয়। জনবান্ধব ভূমি অফিস স্থাপনের লক্ষ্যে প্রত্যেকটি ভূমি অফিসকে ১২ দফা নির্দেশনা দেয়া হয় এবং সেবাকে আরও সহজিকরণের লক্ষ্যে বিভাগের প্রত্যেকটি উপজেলা ভূমি অফিসে সেবা কেন্দ্র স্থাপন করা হয়।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

ডিজিটাল বাংলাদেশ নির্মাণে প্রয়োজনীয় তথ্যপ্রযুক্তি জ্ঞান সম্পন্ন লোকবলের অভাব রয়েছে। শিক্ষাক্ষেত্রে সিলেট বিভাগ অন্যান্য বিভাগের তুলনায় অনগ্রসর। শিক্ষা প্রতিষ্ঠানের স্বল্পতা, স্কুল থেকে শিক্ষার্থী ঝরে পড়া এবং শিক্ষায় অনগ্রসরতা এ অঞ্চলের অন্যতম প্রধান সমস্যা। এছাড়া হাওড় অঞ্চলে আগাম বন্যায় ফসলের ব্যাপক ক্ষতি সাধিত হয়। আগাম বন্যা যথাযথভাবে মোকাবেলা করা একটি অন্যতম প্রধান চ্যালেঞ্জ। হাওড় অঞ্চলসহ কয়েকটি উপজেলায় অনুন্নত যোগাযোগ ব্যবস্থা বিদ্যমান যা সার্বিকভাবে এই অঞ্চলসমূহে উন্নয়নের অন্তরায়। চা বাগানের শ্রমিকদের শিক্ষা, স্বাস্থ্য ও জীবনমানের অনগ্রসরতা বিদ্যমান। সার্বিকভাবে সিলেট বিভাগে শিল্পায়নের বিকাশ আশানুরূপ নয়।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাল্টিমিডিয়া ক্লাসরুম নিশ্চিতকরণ এবং শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে জনসেবা নিশ্চিতকরণে পাবলিক সার্ভিস ইনোভেশনের আওতায় গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম জোরদারকরণ এবং উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে সেবার মান বৃদ্ধিকরণ ও জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়া। সিলেট বিভাগের শিক্ষার সার্বিক মানোন্নয়নে সুনির্দিষ্ট পরিকল্পনা বাস্তবায়ন। জনবান্ধব ভূমি অফিস প্রতিষ্ঠার লক্ষ্যে ১২ দফা নির্দেশনা পূর্ণাঙ্গ বাস্তবায়ন করা। সিলেট বিভাগকে শতভাগ বাল্যবিবাহ মুক্ত অব্যাহত রাখার প্রচেষ্টা জোরদারকরণ। পর্যটন শিল্পের বিকাশে উদ্যোগ গ্রহণ করা। চা বাগান, হাওড় এলাকা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়নে যথাযথ কার্যক্রম বাস্তবায়ন করা।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের ১০০% বাস্তবায়ন
- মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পসহ মোট ৩৬টি উন্নয়নমূলক কার্যক্রম দর্শন/পরিদর্শন
- সিলেট বিভাগে ভূমি উন্নয়ন করের সাধারণ দাবির ১০০% আদায়
- ১০০% রাজস্ব আপিল মামলা নিষ্পত্তি
- চা-বাগান এলাকায় ১০টি ডে-কেয়ার সেন্টার স্থাপন
- হাওড় ও চা-বাগান এলাকায় ৪০টি স্কুলের পরিবেশ উন্নয়ন

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন-১

## বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১. **রূপকল্প (Vision):** দক্ষ, গতিশীল উন্নয়ন সহায়ক এবং জনবান্ধব প্রশাসন।

১.২. **অভিলক্ষ্য (Mission):** প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি, তথ্য প্রযুক্তির যথাযথ ব্যবহার ও সেবাদাতার দৃষ্টিভঙ্গির পরিবর্তন এবং উদ্ভাবন চর্চার মাধ্যমে সময়াবদ্ধ ও মানসম্মত সেবা নিশ্চিত করা।

১.৩ **কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :**

**১.৩.১ বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. বিভাগীয় দপ্তরসমূহের উন্নয়নমূলক কার্যক্রমের সমন্বয় সাধন
২. জনশৃঙ্খলা ও জননিরাপত্তা সংহতকরণ
৩. স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম জোরদারকরণ
৪. স্বচ্ছ রাজস্ব ব্যবস্থাপনা নিশ্চিতকরণ
৫. হাওড়, চা-বাগান এলাকায় জীবনমান উন্নয়নসহ টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন ত্বরান্বিতকরণ
৬. তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ ও মানব সম্পদ উন্নয়ন
৭. শিক্ষার মানোন্নয়নে ক্রীড়া, সংস্কৃতি ও নারী উন্নয়ন ত্বরান্বিতকরণ
৮. পর্যটন শিল্পের বিকাশ

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩.আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ **কার্যাবলি (Functions) :**

১. বিভাগের সকল প্রকার উন্নয়নমূলক কর্মকান্ডের সুষ্ঠু সমন্বয় সাধন ;
২. সরকার কর্তৃক ঘোষিত যাবতীয় নীতিমালা ও কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও সমন্বয়সাধন;
৩. সামাজিক নিরাপত্তা ও দারিদ্র্য বিমোচনে গৃহীত কর্মসূচি বাস্তবায়ন তত্ত্বাবধান ও কার্যকর সমন্বয় সাধন;
৫. রাজস্ব প্রশাসনের যাবতীয় কার্যক্রম তত্ত্বাবধান এবং পরিবীক্ষণ;
৬. আইনশৃঙ্খলা সম্পর্কিত যাবতীয় কার্যাবলী তত্ত্বাবধান, কার্যক্রম গ্রহণ ও সমন্বয় সাধন
৭. জাতীয় শুদ্ধাচার কৌশল এবং জি.আর.এস বাস্তবায়ন, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান এবং বিভিন্ন পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও তদারকি; এবং
৮. স্থানীয় সরকার সংক্রান্ত কার্যক্রম তত্ত্বাবধান ও পরিবীক্ষণ।

## সেকশন ২

### বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| আন্ত:দপ্তর সমন্বয় | উন্নয়ন সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | | | ১০০ | ১০০ | ১০০ | সাধারণ শাখা | সভার কার্যবিবরণী |
| বিভাগীয় আইন-শৃঙ্খলার উন্নয়নে অধিকতর সমন্বয় | আইন-শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | | | ৯৮ | ১০০ | ১০০ | সাধারণ শাখা | সভার কার্যবিবরণী |

*সাময়িক

# সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২০২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| বিভাগীয় কমিশনারের কার্যালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১) বিভাগীয় দপ্তরসমূহের উন্নয়নমূলক কার্যক্রমের সমন্বয় সাধন | ১৩ | ১.১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় পরিদর্শন | ১.১.১) পরিদর্শনকৃত কার্যালয় | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১০ | ০৮ | | | ১২ | ১২ |
| | | | ১.১.২) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | % | ১ | | | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ১.২) জেলা প্রশাসকের কার্যালয় পরিদর্শন | ১.২.১) পরিদর্শনকৃত কার্যালয় | সংখ্যা | ১ | ৬ | ৬ | ৬ | ৫ | ৪ | | | ৬ | ৬ |
| | | | ১.২.২) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | % | ১ | | | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ১.৩) মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পসহ অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রম দর্শন/পরিদর্শন | ১.৩.১) দর্শন/পরিদর্শনকৃত কার্যক্রম | সংখ্যা | ১ | ৩৬ | ৩৬ | ৩৬ | ৩৫ | ৩৪ | | | ৩৬ | ৩৬ |
| | | | ১.৩.২) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | % | ১ | | | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ১.৪) নিজ কার্যালয় পরিদর্শন | ১.৪.১) পরিদর্শন | সংখ্যা | ১ | ২ | ৬ | ৮ | ৭ | ৬ | | | ৮ | ৮ |
| | | | ১.৪.২) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | % | ১ | ৯২ | | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ১.৫) জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন | ১.৫.১) সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ১ | ৯৫ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | | | ১০০ | ১০০ |
| | | ১.৬) বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা | ১.৬.১) আয়োজিত সভা | সংখ্যা | ১ | ৬ | ৬ | ৬ | ৫ | | | | ৬ | ৬ |
| | | | ১.৬.২) সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | | | ১০০ | ১০০ |
| | | ১.৭) স্টাফ সভা | ১.৭.১) অনুষ্ঠিত সভা | সংখ্যা | ১ | | | ৬ | ৫ | ৪ | | | ৬ | ৬ |
| | | | ১.৭.২) সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ১ | | ৯৮ | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০ % | ৭০% | ৬০% | | |
| ২) জনশৃঙ্খলা ও জননিরাপত্তা সংহতকরণ | ১৩ | ২.১) আইন শৃঙ্খলা কমিটির সভা | ২.১.১) আয়োজিত সভা | সংখ্যা | ১ | ৬ | ৬ | ৬ | ৫ | | | | ৬ | ৬ |
| | | | ২.১.২) সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ১ | | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ২.২) জাতীয় চোরাচালান প্রতিরোধ টাস্কফোর্স কমিটির সভা | ২.২.১) অনুষ্ঠিত জাতীয় চোরাচালান প্রতিরোধ টাস্কফোর্স কমিটির সভা | সংখ্যা | ১ | ৬ | ৬ | ৬ | ৫ | | | | ৬ | ৬ |
| | | | ২.২.২) সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ১ | | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ২.৩) প্রমাপ অনুযায়ী মোবাইল কোর্টের কার্যক্রম তদারকি করা | ২.৩.১) তদারককৃত প্রমাপ অর্জন | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | | | ১০০ | ১০০ |
| | | ২.৪) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত পরিদর্শন | ২.৪.১) পরিদর্শনকৃত আদালত | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | | | ১২ | ১২ |
| | | | ২.৪.২) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | % | ১ | | ৯৮ | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ২.৫) পাক্ষিক গোপনীয় প্রতিবেদন প্রেরণ | ২.৫.১) প্রেরিত প্রতিবেদন | সংখ্যা | ১ | ১৮ | ২৪ | ২৪ | ২২ | | | | ২৪ | ২৪ |
| | | ২.৬) দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ | ২.৬.১) দুর্নীতি বিষয়ক অভিযোগসমূহ ৩০ কার্যদিবসের মধ্যে নিস্পত্তি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | | | ১০০ | ১০০ |
| | | ২.৭) সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক বিরোধী সভা সমাবেশ | ২.৭.১)অনুষ্ঠিত সভা সমাবেশ | সংখ্যা | ১ | | | ৬ | ৫ | | | | ৬ | ৬ |
| | | | ২.৭.২) সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ১ | | | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | (২.৮) সন্ত্রাস ও নাশকতা সংক্রান্ত কোর কমিটির সভা | (২.৮.১) অনুষ্ঠিত সভা সমাবেশ | সংখ্যা | ১ | ৩ | ৩ | ৩ | | | | | ৪ | ৪ |
| | | | (২.৮.২) সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ১ | ৮০ | ৮৫ | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ৩) স্থানীয় সরকারের কার্যক্রম জোরদারকরণ | ১২ | ৩.১) ইউনিয়ন পরিষদ কার্যালয় পরিদর্শন | ৩.১.১) পরিদর্শনকৃত ইউনিয়ন পরিষদ | সংখ্যা | ১ | ২০ | ২৪ | ২৪ | ২২ | ২০ | | | ২৪ | ২৪ |
| | | | ৩.১.২) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | % | ১ | | | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ৩.২) জেলা পরিষদ পরিদর্শন | ৩.২.১) পরিদর্শনকৃত কার্যালয় | সংখ্যা | ১ | ৮ | ১২ | ১২ | ১০ | ০৮ | | | ১২ | ১২ |
| | | | ৩.২.২) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | % | ১ | | | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ৩.৩) উপজেলা পরিষদ পরিদর্শন | ৩.৩.১) পরিদর্শনকৃত কার্যালয় | সংখ্যা | ১ | ৮ | ১২ | ১২ | ১০ | ০৮ | | | ২৪ | ২৪ |
| | | | ৩.৩.২) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | % | ১ | | | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ৩.৪) পৌরসভা পরিদর্শন | ৩.৪.১) পরিদর্শনকৃত কার্যালয় | সংখ্যা | ১ | ৮ | ১২ | ১২ | ১০ | ০৮ | | | ২৪ | ২৪ |
| | | | ৩.৪.২) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | % | ১ | | | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ৩.৫) স্থানীয় সরকার সংক্রান্ত উন্নয়ন প্রকল্প দর্শন/পরিদর্শন | ৩.৫.১) দর্শনকৃত প্রকল্প | সংখ্যা | ১ | ১৬ | ২৪ | ২৪ | ২২ | ২০ | | | ২৪ | ২৪ |
| | | | ৩.৫.২) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | % | ১ | | | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ৩.৬) জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাদের সমন্বয়ে ত্রৈমাসিক সভা | ৩.৬.১) অনুষ্ঠিত সভা | সংখ্যা | ১ | ০৪ | ৪ | ৪ | ৩ | | | | ৪ | ৪ |
| | | | ৩.৬.২) বাস্তবায়িত সিদ্ধান্ত | % | ১ | | | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ৪) স্বচ্ছ রাজস্ব ব্যবস্থাপনা নিশ্চিতকরণ | ১২ | ৪.১) ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি আদায় | ৪.১.১) আদায়কৃত ভূমি উন্নয়ন কর | % | ১ | ৯০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯৩ | ৯০ | | ১০০ | ১০০ |
| | | ৪.২) রাজস্ব আপিল মামলা নিষ্পত্তি | ৪.২.১) মামলা নিষ্পত্তির হার | % | ১ | ৯০.০৭ | ১০০ | ১০০ | ৯৭ | ৯৩ | ৯০ | | ১০০ | ১০০ |
| | | ৪.৩) রাজস্ব সভা আয়োজন | ৪.৩.১) অনুষ্ঠিত সভা | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | | | ১২ | ১২ |
| | | | ৪.৩.২) সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ১ | | | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | ১০০ | ১০০ |
| | | ৪.৪) আবাসন/আশ্রয়ণ/গুচ্ছগ্রাম প্রকল্প দর্শন | ৪.৪.১) দর্শনকৃত প্রকল্প | সংখ্যা | ১ | ১০ | ১২ | ১২ | ১১ | ১০ | | | ১০০ | ১০০ |
| | | | ৪.৪.২) বাস্তবায়িত সুপারিশ | % | ১ | | | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ৪.৫) উপজেলা ভূমি অফিস পরিদর্শন | ৪.৫.১) পরিদর্শনকৃত অফিস | সংখ্যা | ১ | ২৪ | ২৪ | ২৪ | ২২ | ২০ | | | ১২ | ১২ |
| | | | ৪.৫.২) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | % | ১ | | | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ৪.৬) ভূমি অধিগ্রহণ মামলা নিষ্পত্তি | ৪.৬.১) নিষ্পত্তির হার | % | ১ | | | ১০০ | ৯৮ | ৯৫ | | | ১০০ | ১০০ |
| | | ৪.৭) ইউনিয়ন ভূমি অফিস দর্শন/পরিদর্শন | ৪.৭.১) পরিদর্শনকৃত অফিস | সংখ্যা | ১ | | ২৪ | ২৪ | ২২ | | | | ২৪ | ২৪ |
| | | | ৪.৭.২) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | % | ১ | | | ৯৫ | ৯০ | | | | | |
| | | ৪.৮) ভূমি অফিসের কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | ৪.৮.১) প্রশিক্ষণার্থীর সংখ্যা | সংখ্যা | ১ | | | ১৬০ | ১৫০ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ৫) হাওড়, চা-বাগান এলাকায় জীবনমান উন্নয়নসহ টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন ত্বরান্বিতকরণ | ১০ | (৫.১) হাওড় ও চা বাগান অধ্যুষিত এলাকার শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ উন্নয়ন | (৫.১.১) শিশুবান্ধব স্কুল | সংখ্যা | ২ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৬ | ৬ |
| | | (৫.২) নিরাপদ সড়ক ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ সভা | (৫.২.১) আয়োজিত সভা | সংখ্যা | ১ | | | ৬ | ৫ | ৪ | ৩ | | ৬ | ৬ |
| | | (৫.৩) চা-বাগানে ডে-কেয়ার সেন্টার স্থাপন | (৫.৩.১) স্থাপিত ডে-কেয়ার সেন্টার | সংখ্যা | ২ | | | ১০ | ৮ | ৭ | ৬ | ৫ | | |
| | | (৫.৪) বিভাগকে বাল্য বিবাহ মুক্ত রাখার জন্য উদ্বুদ্ধকরণ সভা | (৫.৪.১) অনুষ্ঠিত সভা | সংখ্যা | ১ | | | ১২ | ১০ | ০৮ | | | ১২ | ১২ |
| | | (৫.৫) শিক্ষার্থী ঝরে পড়া রোধকল্পে অভিভাবকদের উদ্বুদ্ধকরণ | (৫.৫.১) অনুষ্ঠিত শিক্ষক-অভিভাবক সমাবেশ | সংখ্যা | ১ | ১৩ | ১৪ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২৫ | ৩০ |
| | | (৫.৬) হাওড় ও চা-বাগান অধ্যুষিত এলাকায় স্বাস্থ্যকর্মীদের প্রশিক্ষণ প্রদান | (৫.৬.১) প্রশিক্ষিত স্বাস্থ্যকর্মী | সংখ্যা | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১২০ | ১৩০ |
| | | (৫.৭) চা-বাগানে স্থাপিত চিকিৎসা কেন্দ্রের সংস্কার | (৫.৭.১) সংস্কারকৃত চিকিৎসা কেন্দ্র | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১০ |
| | | (৫.৮) WASH কর্মসূচি বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধির জন্য জনপ্রতিনিধি ও স্কুল ম্যানেজিং কমিটির সদস্য, শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান | (৫.৮.১) প্রশিক্ষণপ্রাপ্ত উপজেলা ও স্কুল ম্যানেজিং কমিটির সদস্য, শিক্ষক | সংখ্যা | ১ | | | ২৫০ | ২২৫ | ২০০ | ১৮০ | ১৫০ | ২৫০ | ২৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ০৬) তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ ও মানব সম্পদ উন্নয়ন | ৭ | ৬.১) ইনোভেশন কার্যক্রম দর্শন | ৬.১.১) দর্শনকৃত ইনোভেশন কার্যক্রম | সংখ্যা | ১ | ২৪ | ৩৬ | ৩৬ | ৩৪ | ৩২ | | | ৩৬ | ৩৬ |
| | | | ৬.১.২) প্রতিবেদনের বাস্তবায়িত সুপারিশ | % | ১ | ৮৬ | | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ৬.২) ইউনিয়ন ডিজিটাল সেন্টার দর্শন | ৬.২.১) দর্শনকৃত ডিজিটাল সেন্টার | সংখ্যা | ১ | ১৩ | ৩৬ | ৩৬ | ৩৪ | ৩২ | | | ৩৬ | ৩৬ |
| | | | ৬.২.২) প্রতিবেদনের বাস্তবায়িত সুপারিশ | % | ১ | ৮৮ | ৯৫ | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ৬.৩) বিভাগীয় পর্যায়ে ডিজিটাল মেলা আয়োজন | ৬.৩.১) আয়োজিত মেলা | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ |
| | | ৬.৪) ভিডিও কনফারেন্স আয়োজন | ৬.৪.১) আয়োজিত ভিডিও কনফারেন্স | % | ১ | | ২৪ | ২৪ | ২৩ | ২২ | | | ২৪ | ২৪ |
| | | ৬.৫) সরকারি ও বেসরকারি বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে সভা | ৬.৫.১) অনুষ্ঠিত সভা | সংখ্যা | ১ | | | ৬ | ৫ | ৪ | | | ৬ | ৬ |
| ০৭) শিক্ষার মানোন্নয়নে ক্রীড়া, সংস্কৃতি ও নারী উন্নয়ন ত্বরান্বিতকরণ | ৪ | ৭.১) শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন | ৭.১.১) দর্শনকৃত/ পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | সংখ্যা | ১ | ২১ | ২৪ | ২৪ | ২২ | ২০ | | | ২৪ | ২৪ |
| | | | ৭.১.২) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | % | ১ | ৭৬ | ৮০ | ৯৮ | ৯৬ | ৯৪ | | | ১০০ | ১০০ |
| | | ৭.২ ) বিভাগীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন | ৭.২.১) অনুষ্ঠিত প্রতিযোগিতা | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ |
| | | ৭.৩) বিভাগীয় পর্যায়ে জয়িতাদের সংবর্ধনা অনুষ্ঠান | ৭.৩.১) আয়োজিত অনুষ্ঠান | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ |
| (৮) পর্যটন শিল্পের বিকাশ | ৪ | (৮.১) পর্যটন বিকাশে উদ্বুদ্ধকরণ সভা | (৮.১.১) আয়োজিত সভা | সংখ্যা | ১ | | ৬ | ১২ | ১১ | ১০ | | | ১২ | ১২ |
| | | (৮.২) জেলাভিত্তিক পর্যটন ফেস্টিভ্যাল আয়োজন | (৮.২.১) আয়োজিত অনুষ্ঠান | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | (৮.৩) জেলা ব্র্যান্ডিং বাস্তবায়ন বিষয়ক বিভাগীয় তদারকি | ৮.৩.১) আয়োজিত সভা | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | | | | ৪ | ৪ |
| | | | ৮.৩.২) সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ১ | | | ১০০ | ৯৫ | | | | ১০০ | ১০০ |

## দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ২০১৯-২০

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সুচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতিমানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন অনলাইনে দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.৪] মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ০.৫ | ৩১ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১০ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৪ ফেব্রুয়ারি, ২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | | [১.২.২] ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর, ২০১৯ | ১৫ নভেম্বর, ২০১৯ | ১৫ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ৩১ জানুয়ারি, ২০২০ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - |
| | | | [১.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১ | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | - |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | [১.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১৭ ফেব্রুয়ারি, ২০২০ | ২৮ ফেব্রুয়ারি, ২০২০ |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১০ | [২.১] দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথিব্যবহার | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [২.২] দপ্তর/সংস্থা কর্তৃক ডিজিটাল সেবা চালু করা | [২.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | ১ | ১৫ ফেব্রুয়ারি, ২০২০ | ১৫ মার্চ, ২০২০ | ৩১মার্চ, ২০২০ | ৩০ এপ্রিল, ২০২০ | ৩০ মে, ২০২০ |
| | | [২.৩] দপ্তর/সংস্থাকর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [২.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ১১মার্চ, ২০২০ | ১৮মার্চ, ২০২০ | ২৫মার্চ, ২০২০ | ১এপ্রিল, ২০২০ | ৮ এপ্রিল, ২০২০ |
| | | [২.৪] সেবা সহজিকরণ | [২.৪.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | ০.৫ | ১৫অক্টো, ২০১৯ | ২০অক্টো, ২০১৯ | ২৪অক্টো, ২০১৯ | ২৮অক্টো, ২০১৯ | ৩০অক্টো, ২০১৯ |
| | | | [২.৪.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | ০.৫ | ১৫এপ্রিল, ২০২০ | ৩০এপ্রিল, ২০২০ | ১৫মে, ২০২০ | ৩০মে, ২০২০ | ১৫জুন, ২০২০ |
| | | [২.৫] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [২.৫.১] পি আর এল আদেশ জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৫.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [২.৬] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [২.৬.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [২.৬.২] নিয়োগ প্রদানকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.৭] বিভাগীয় মামলা নিষ্পত্তি | [২.৭.১] বিভাগীয় মামলা নিষ্পত্তিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | |
| | | [২.৮] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৮.১] সকল তথ্য হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৭ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ০.৫ | ১৬ আগস্ট, ২০১৯ | ২০ আগস্ট, ২০১৯ | ২৪ আগস্ট, ২০১৯ | ২৮ আগস্ট, ২০১৯ | ৩০ আগস্ট, ২০১৯ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.৪.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | | [৩.৪.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | [৩.৫] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৫.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৫.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৫.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি, বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ মন্ত্রিপরিষদ সচিব-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ......................... | ৩০ জুন ২০১৯<br>..................... |
| বিভাগীয় কমিশনার<br>সিলেট বিভাগ | তারিখ |
| ......................... | ৩০.৬.১৯<br>..................... |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

## শব্দসংক্ষেপ (Acronyms)

আইসিটি: ইনফরমেশন এন্ড কমুউনিকেশন টেকনোলজি

ই-ফাইলিং: ইলেকট্রনিক ফাইলিং

ই-গর্ভনেন্স: ইলেকট্রনিক গর্ভনেন্স

ডিসি: ডেপুটি কমিশনার (জেলা প্রশাসক)

ডিএম: ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট (জেলা ম্যাজিস্ট্রেট)

পি আর এল: পোস্ট রিটায়ারমেন্ট লিভ

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| মিক | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১.১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় পরিদর্শন | পরিদর্শনকৃত কার্যালয় ও বাস্তবায়িত সুপারিশ | বিভাগীয় কমিশনার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে মাসিক পরিদর্শন করে থাকেন । | গোপনীয় শাখা | সভার কার্যবিবরণী প্রস্তুত ও বিতরণ | |
| ১.২ | জেলা প্রশাসকের কার্যালয় পরিদর্শন | পরিদর্শনকৃত কার্যালয় ও বাস্তবায়িত সুপারিশ | বিভাগীয় কমিশনার জেলা প্রশাসকের কার্যালয় পরিদর্শন করে থাকেন । | গোপনীয় শাখা | পরিদর্শন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ | |
| ১.৩ | মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পসহ অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রম দর্শন/পরিদর্শন | দর্শন/পরিদর্শনকৃত অফিস ও বাস্তবায়িত সুপারিশ | বিভাগীয় কমিশনার, অতিরিক্ত বিভাগীয় কমিশনার মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প সহ অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রম দর্শন/পরিদর্শন করে থাকেন। | গোপনীয় শাখা | পরিদর্শন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ | |
| ১.৪ | নিজ কার্যালয় পরিদর্শন | পরিদর্শনকৃত কার্যালয় ও বাস্তবায়িত সুপারিশ | বিভাগীয় কমিশনার, অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও পরিচালক, স্থানীয় সরকার নিজ কার্যালয় পরিদর্শন করে থাকেন। | গোপনীয় শাখা | পরিদর্শন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ | |
| ১.৫ | জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | জেলা প্রশাসকের কার্যালয়সমূহে জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন তদারকি করা হয়। | সাধারণ শাখা | প্রতি মাসে রিপোর্ট প্রেরণ করা হয়। | |
| ১.৬ | বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা | আয়োজিত সভা ও সিদ্ধান্ত বাস্তবায়িত | বিভাগীয় কমিশনার এর কার্যালয়ে প্রতি ২ মাস অন্তর অন্তর বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা অনুষ্ঠিত হয়ে থাকে। | সাধারণ শাখা | কার্যবিবরণী প্রস্তুত ও প্রেরণ। | |
| ১.৭ | স্টাফ সভা | অনুষ্ঠিত সভা ও সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | বিভাগীয় কমিশনার এর কার্যালয়ে প্রতি মাসে মাসিক স্টাফ সভা অনুষ্ঠিত হয়। | সংস্থাপন শাখা | কার্যবিবরণী প্রস্তুত ও প্রেরণ। | |
| ২.১ | আইন শৃঙ্খলা কমিটির সভা | আয়োজিত সভা ও সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | বিভাগীয় কমিশনার এর কার্যালয়ে প্রতি ২ মাস অন্তর অন্তর এ সভা অনুষ্ঠিত হয়ে থাকে। | সাধারণ শাখা | কার্যবিবরণী প্রস্তুত ও প্রেরণ। | |
| ২.২ | জাতীয় চোরাচালান প্রতিরোধ টাস্কফোর্স কমিটির সভা | অনুষ্ঠিত জাতীয় চোরাচালান প্রতিরোধ টাস্কফোর্স কমিটির সভা ও সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | বিভাগীয় কমিশনার এর কার্যালয়ে প্রতি ২ মাস অন্তর অন্তর এ সভা অনুষ্ঠিত হয়ে থাকে। | সাধারণ শাখা | কার্যবিবরণী প্রস্তুত ও প্রেরণ। | |
| ২.৩ | প্রমাপ অনুযায়ী মোবাইল কোর্টের কার্যক্রম তদারকি করা | তদারককৃত প্রমাপ অর্জন | প্রমাপ অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়সমূহের মোবাইল কোর্ট এর কার্যক্রম তদারকি করা হয়। | সাধারণ শাখা | প্রতি মাসে রিপোর্ট প্রেরণ করা হয়। | |
| ২.৪ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত পরিদর্শন | পরিদর্শনকৃত আদালত ও বাস্তবায়িত সুপারিশ | বিভাগীয় কমিশনার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত পরিদর্শন করেন । | গোপনীয় শাখা | পরিদর্শন প্রতিবেদন প্রেরণ | |
| ২.৫ | পাক্ষিক গোপনীয় প্রতিবেদন প্রেরণ | প্রেরিত প্রতিবেদন | এ কার্যালয় হতে পাক্ষিক গোপনীয় প্রতিবেদন প্রেরণ করা হয়। | গোপনীয় শাখা | গোপনীয় প্রতিবেদন প্রেরণ | |
| ২.৬ | দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ | নিজ কার্যালয়সহ অধ:স্থন অফিসসমূহে নিয়মিত তদারকি | এ কার্যালয় হতে দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহনের জন্য নিয়মিত তদারকি করা হয়। | সাধারণ শাখা | প্রতিবেদন প্রেরণ | |
| ২.৭ | সন্ত্রাস,জঙ্গিবাদ ও মাদক বিরোধী সভা সমাবেশ | অনুষ্ঠিত সভা সমাবেশ ও সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | প্রতি মাসে সন্ত্রাস/জঙ্গিবাদ বিরোধী সভা/সমাবেশ অনুষ্ঠিত হয়। | সাধারণ শাখা | প্রতিবেদন প্রেরণ | |
| ২.৮ | সন্ত্রাস ও নাশকতা সংক্রান্ত কোর কমিটির সভা | অনুষ্ঠিত সভা সমাবেশ ও সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | এ কার্যালয়ে সন্ত্রাস ও নাশকতা সংক্রান্ত কোর কমিটির সভা অনুষ্ঠিত হয়। | সাধারণ শাখা | কার্যবিবরণী প্রস্তুত ও প্রেরণ। | |
| ৩.১ | ইউনিয়ন পরিষদ কার্যালয় পরিদর্শন | পরিদর্শনকৃত ইউনিয়ন পরিষদ ও বাস্তবায়িত সুপারিশ | প্রতি মাসে ইউনিয়ন পরিষদের কার্যালয়সমূহ পরিদর্শন করা হয়। | স্থানীয় সরকার শাখা | পরিদর্শন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ | |
| ৩.২ | জেলা পরিষদ পরিদর্শন | পরিদর্শনকৃত কার্যালয় ও বাস্তবায়িত সুপারিশ | জেলা পরিষদের কার্যালয় পরিদর্শন করা হয়। | স্থানীয় সরকার শাখা | পরিদর্শন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ | |
| ৩.৩ | উপজেলা পরিষদ পরিদর্শন | পরিদর্শনকৃত কার্যালয় ও বাস্তবায়িত সুপারিশ | প্রতি মাসে উপজেলা পরিষদ পরিদর্শন করা হয়। | ঐ | ঐ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪ | পৌরসভা পরিদর্শন | পরিদর্শনকৃত কার্যালয় ও বাস্তবায়িত সুপারিশ | পৌরসভা পরিদর্শন করা হয়। | ঐ | ঐ | |
| ৩.৫ | স্থানীয় সরকার সংক্রান্ত উন্নয়ন প্রকল্প দর্শন/পরিদর্শন | দর্শনকৃত প্রকল্প ও বাস্তবায়িত সুপারিশ | স্থানীয় সরকার সংক্রান্ত উন্নয়ন প্রকল্প দর্শন/পরিদর্শন করা হয় | ঐ | ঐ | |
| ৩.৬ | জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাদের সমন্বয়ে ত্রৈমাসিক সভা | অনুষ্ঠিত সভা ও বাস্তবায়িত সিদ্ধান্ত | জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাদের সমন্বয়ে ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। | ঐ | কার্যবিবরণী প্রস্তুত ও প্রেরণ | |
| ৪.১ | ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি আদায় | আদায়কৃত ভূমি উন্নয়ন কর | ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি আদায় করা হয়। | রাজস্ব শাখা | প্রতিবেদন প্রেরণ | |
| ৪.২ | রাজস্ব আপিল মামলা নিষ্পত্তি | মামলা নিষ্পত্তির হার | রাজস্ব আপিল মামলা নিষ্পত্তির লক্ষ্যে কাজ করা হয়। | ঐ | ঐ | |
| ৪.৩ | রাজস্ব সভা আয়োজন | অনুষ্ঠিত সভা ও সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | রাজস্ব সভা অনুষ্ঠিত হয় | ঐ | কার্যবিবরণী প্রস্তুত ও প্রেরণ। | |
| ৪.৪ | আবাসন/আশ্রয়ণ/গুচ্ছগ্রাম প্রকল্প দর্শন | দর্শনকৃত প্রকল্প ও বাস্তবায়িত সুপারিশ | আবাসন/আশ্রয়ণ/গুচ্ছগ্রাম প্রকল্প দর্শন করা হয় | রাজস্ব শাখা | পরিদর্শন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ | |
| ৪.৫ | উপজেলা ভূমি অফিস পরিদর্শন | পরিদর্শনকৃত অফিস ও বাস্তবায়িত সুপারিশ | উপজেলা ভূমি অফিস পরিদর্শন করা হয় | গোপনীয় শাখা | ঐ | |
| ৪.৬ | ভূমি অধিগ্রহণ মামলা নিষ্পত্তি | নিষ্পত্তির হার | ভূমি অধিগ্রহণ মামলা নিষ্পত্তি করা হয় | রাজস্ব শাখা | প্রতিবেদন প্রেরণ | |
| ৪.৭ | ইউনিয়ন ভূমি অফিস দর্শন/পরিদর্শন | পরিদর্শনকৃত অফিস ও বাস্তবায়িত সুপারিশ | ইউনিয়ন ভূমি অফিস দর্শন/পরিদর্শন করা হয় | গোপনীয় শাখা | পরিদর্শন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ | |
| ৪.৮ | ভূমি অফিসের কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ভূমি অফিসের কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয় | রাজস্ব শাখা | প্রতিবেদন প্রেরণ | |
| ৫.১ | হাওড় ও চা-বাগান অধ্যুষিত এলাকায় স্বাস্থ্যকর্মীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত স্বাস্থ্যকর্মী | হাওড় ও চা-বাগান অধ্যুষিত এলাকায় স্বাস্থ্যকর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হয় | ইউনিসেফ ও সাধারণ শাখা | - | |
| ৫.২ | নিরাপদ সড়ক ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ সভা | আয়োজিত সভা | | সংশ্লিষ্ট শাখা | প্রতিবেদন প্রেরণ | |
| ৫.৩ | চা-বাগানে ডে-কেয়ার সেন্টার স্থাপন | স্থাপিত ডে-কেয়ার সেন্টার | | সংশ্লিষ্ট শাখা | প্রতিবেদন প্রেরণ | |
| ৫.৪ | বিভাগকে বাল্য বিবাহ মুক্ত রাখার জন্য উদ্বুদ্ধকরণ সভা | অনুষ্ঠিত সভা | | সংশ্লিষ্ট শাখা | প্রতিবেদন প্রেরণ | |
| ৫.৫ | শিক্ষার্থী ঝরে পড়া রোধকল্পে অভিভাবকদের উদ্বুদ্ধকরণ | অনুষ্ঠিত শিক্ষক-অভিভাবক সমাবেশ | শিক্ষার্থী ঝরে পড়া রোধকল্পে অভিভাবকদের নিয়ে উদ্বুদ্ধকরণ সমাবেশ আয়োজন | ইউনিসেফ ও সাধারণ শাখা | - | |
| ৫.৬ | হাওড় ও চা-বাগান অধ্যুষিত এলাকায় স্বাস্থ্যকর্মীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত স্বাস্থ্যকর্মী | | সংশ্লিষ্ট শাখা | প্রতিবেদন প্রেরণ | |
| ৫.৭ | চা-বাগানে স্থাপিত চিকিৎসা কেন্দ্রের সংস্কার | সংস্কারকৃত চিকিৎসা কেন্দ্র | চা-বাগানে স্থাপিত চিকিৎসা কেন্দ্রের সংস্কার করা হয় | ইউনিসেফ ও সাধারণ শাখা | | |
| ৫.৮ | WASH কর্মসূচি বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধির জন্য জনপ্রতিনিধি ও স্কুল ম্যানেজিং কমিটির সদস্য, শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণপ্রাপ্ত উপজেলা ও স্কুল ম্যানেজিং কমিটির সদস্য, শিক্ষক | WASH কর্মসূচি বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধির জন্য জনপ্রতিনিধি ও স্কুল ম্যানেজিং কমিটির সদস্য, শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হয় | ইউনিসেফ ও সাধারণ শাখা | | |
| ৬.১ | ইনোভেশন কার্যক্রম দর্শন | দর্শনকৃত ইনোভেশন কার্যক্রম | ইনোভেশন কার্যক্রম দর্শন করা হয় | গোপনীয় শাখা | ঐ | |
| ৬.২ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার দর্শন | দর্শনকৃত ডিজিটাল সেন্টার ও বাস্তবায়িত সুপারিশ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার দর্শন করা হয় | ঐ | ঐ | |
| ৬.৩ | বিভাগীয় পর্যায়ে ডিজিটাল মেলা আয়োজন | আয়োজিত মেলা | বিভাগীয় পর্যায়ে ডিজিটাল মেলা আয়োজন করা হয় | আই সি টি শাখা | প্রতিবেদন প্রেরণ। | |
| ৬.৪ | ভিডিও কনফারেন্স আয়োজন | বাস্তবায়িত কার্যক্রম | প্রতিমাসে ভিডিও কনফারেন্স আয়োজন করা হয়। | আই সি টি শাখা | - | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৫ | সরকারি ও বেসরকারি বিনোয়াগ বৃদ্ধির লক্ষ্যে সভা | অনুষ্ঠিত সভা | সরকারি ও বেসরকারি বিনোয়াগ বৃদ্ধির লক্ষ্যে সভা | সাধারণ শাখা | | |
| ৭.১ | শিক্ষা প্রতিষ্ঠান দর্শন | দর্শনকৃত প্রতিষ্ঠান ও বাস্তবায়িত সুপারিশ | শিক্ষা প্রতিষ্ঠান দর্শন করা হয়। | গোপনীয় শাখা | পরিদর্শন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ | |
| ৭.২ | বিভাগীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন | অনুষ্ঠিত প্রতিযোগিতা | বিভাগীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন করা হয়। | সাধারণ শাখা | প্রতিবেদন প্রেরণ | |
| ৭.৩ | বিভাগীয় পর্যায়ে জয়িতাদের সংবর্ধনা অনুষ্ঠান | বাস্তবায়িত অনুষ্ঠান | বিভাগীয় পর্যায়ে জয়িতাদের সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন | সাধারণ শাখা | প্রতিবেদন প্রেরণ | |
| ৮.১ | পর্যটন বিকাশে উদ্বুদ্ধকরণ সভা | আয়োজিত সভা | পর্যটন বিকাশের জন্য সভা আয়োজন করা হয়। | সাধারণ শাখা | পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ | |
| ৮.২ | জেলাভিত্তিক পর্যটন ফেস্টিভ্যাল আয়োজন | আয়োজিত অনুষ্ঠান | জেলাভিত্তিক পর্যটন ফেস্টিভ্যাল আয়োজন করা হয় | ঐ | ঐ | |
| ৮.৩ | জেলা ব্র্যান্ডিং বাস্তবায়ন বিষয়ক বিভাগীয় তদারিকি | আয়োজিত সভা ও সিদ্ধান্ত বাস্তবায়িত | জেলা ব্র্যান্ডিং বাস্তবায়ন বিষয়ক বিভাগীয় তদারিকি | আই সি টি সেল | রিপোর্ট প্রেরণ। | |

## সংযোজনী-৩: অন্য দপ্তর/সংস্থা (বিভাগীয় দপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা) এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| জেলা প্রশাসকের কার্যাল | বিভাগীয় রাজস্ব সম্মেলন নিয়মিতকরণ | প্রতি মাসে রাজস্ব সভা অনুষ্ঠিত | ভূমি রাজস্ব ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্যাদি | বিভাগীয় রাজস্ব সম্মেলনে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া ব্যাহত |
| বিভাগীয় দপ্তর ও জেলা প্রশাসকের কার্যালয় | বিভাগীয় উন্নয়ন কর্মকান্ড সমন্বয় জোরদারকরণ | অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা | বিভাগীয় এবং জেলা পর্যায়ে চলমান ও সম্পন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের তথ্যাদি | উন্নয়ন কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | সমন্বয় ও উন্নয়ন কর্মকান্ডের অগ্রগতি বাধাগ্রস্ত |
| জেলা প্রশাসকের কার্যালয় | জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্তের অগ্রগতি | জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্তের বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন | সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড দ্রুত বাস্তবায়ন | উন্নয়নমূলক কর্মকান্ড দ্রুত বাস্তবায়ন প্রক্রিয়া বিলম্বিত হয়। |
| জেলা প্রশাসকের কার্যালয় | অডিট আপত্তি দ্রুত নিস্পত্তিকরণ | নিস্পত্তিকৃত অডিট আপত্তি | অডিট আপত্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি | দ্রুত অডিট আপত্তি নিস্পত্তিকরণ | অডিট আপত্তি নিস্পত্তি না হলে সরকারের আর্থিক ক্ষতির সম্ভাবনা |
| বিভাগীয় দপ্তর ও জেলা প্রশাসকের কার্যালয় | বিভাগীয় আইন শৃঙ্খলা কমিটির সভা নিয়মিতকরণ | অনুষ্ঠিত আইন শৃঙ্খলা কমিটির সভা | আইন শৃঙ্খলা প্রতিকার ও প্রতিরোধ সংক্রান্ত তথ্যাদি | সার্বিক আইন শৃঙ্খলা অবস্থার উন্নয়ন | আইন শৃঙ্খলা অবস্থার অবনতি হওয়ার সম্ভাবনা |
| জেলা প্রশাসকের কার্যালয় | মোবাইল কোর্টের কার্যক্রম জোরদারকরণ | প্রেরিত মোবাইল কোর্ট প্রতিবেদন | মোবাইল কোর্টের মাধ্যমে পরিচালিত মামলার সংখ্যা, জেল ও জরিমানার তথ্য | অপরাধ দমনে মোবাইল কোর্টের ভূমিকা ও আইন শৃঙ্খলা পরিস্থিতির সার্বিক চিত্র | মোবাইল কোর্টের প্রতিবেদন প্রেরণ বিলম্বিত হওয়া |
| সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা | নির্ধারিত সময়ে রিপোর্ট রিটার্ন প্রেরণ | প্রেরিত রিপোর্ট রিটার্ন | স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যক্রম ও অগ্রগতি সংক্রান্ত তথ্য | স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কাজের তদারকিকরণ ও কাজের মূল্যায়ন | রিপোর্ট প্রেরণে বিলম্ব ও জবাবদিহিতা নিশ্চিত না হওয়া |